গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৭.৯৯.০০১.২০- ৪৮১

তারিখ : ০১-০৬-২০২২ খ্রিস্টাব্দ

বিষয় : মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত বিভিন্ন শ্রেণিতে মেধাবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের (২০১৯-২০২০, ২০২০-২০২১ এবং ২০২১-২০২২ অর্থবছর) MIS Software-এ এন্ট্রিকৃত বৃত্তির তথ্যের ভুল সংশোধন ও একাধিক (Duplicate) এন্ট্রিকৃত তথ্য নিষ্ক্রিয়করণ (Inactive)।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে অর্থ মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক ২০১৯-২০২০ অর্থবছর হতে রাজস্ব খাতভুক্ত সকল ধরনের বৃত্তির অর্থ G2P পদ্ধতিতে EFT-এর মাধ্যমে শিক্ষার্থীর ব্যাংক হিসাবে (Bank Account) প্রেরণের কার্যক্রম চলমান রয়েছে। গত ১৯/০৫/২০২২ তারিখ পর্যন্ত বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের তথ্য প্রতিষ্ঠান হতে MIS Software-এ এন্ট্রি ও সংশোধনের জন্য নির্ধারিত ছিল। কিন্তু SPFMS কর্মসূচি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় থেকে জানা যায়, MIS Software-এ এন্ট্রি ও সংশোধন যথাযথভাবে না করায় [একই শিক্ষার্থীর তথ্য একাধিক (Duplicate) এন্ট্রি করা/শিক্ষার্থী ব্যতীত ভিন্ন নামীয় ব্যাংক হিসাবধারী ও হিসার নম্বর/ভুল হিসাব নম্বর এন্ট্রি/সংশোধন ইত্যাদি] শিক্ষার্থীদের বৃত্তির টাকা তাদের ব্যাংক হিসাবে প্রেরণ করা সম্ভব হচ্ছে না।

২। এমতাবস্থায়, ২০১৯-২০২০, ২০২০-২০২১ এবং ২০২১-২০২২ অর্থবছরের বিভিন্ন শ্রেণিতে যে সকল বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর তথ্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান থেকে MIS Software-এ এন্ট্রি প্রদান/ভুল সংশোধন করা হয়েছে, তা পুনরায় যাচাইপূর্বক আগামী ০৭/০৬/২০২২ তারিখের মধ্যে প্রয়োজনীয় সংশোধনের জন্য অনুরোধ করা হলো। বর্ণিত নির্দেশনাবলী অনুসরণ না করার ফলে শিক্ষার্থীদের ব্যাংক হিসাবে বৃত্তির অর্থ প্রেরণ/প্রাপ্তিতে উদ্ভুত যে কোন ধরণের সমস্যার জন্য প্রতিষ্ঠান প্রধান/সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে এর দায়-দায়িত্ব বহন করতে হবে।

MIS সফটওয়ারে তথ্য সংশোধনের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশাবলী অনুসরণীয় :

০১ **প্রতিষ্ঠান প্রধান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ** MIS সফটওয়্যারের Password শুরুতে পরিবর্তন করে পরিবর্তিত নতুন Password ব্যবহার পূর্বক তথ্য সংশোধনের কাজ সম্পন্ন করবেন।
০২ এন্ট্রি/সংশোধন কার্যক্রম সম্পন্ন হওয়ার সাথে সাথে পুনরায় পাসওয়ার্ড পরিবর্তন করতে হবে;
০৩ User ID ও Password এর গোপনীয়তা রক্ষার স্বার্থে কোন অবস্থায় নিজ প্রতিষ্ঠানের কম্পিউটার ব্যতীত অন্য কোনো প্রতিষ্ঠান/কম্পিউটার দোকান হতে তথ্য এন্ট্রি করা যাবে না;
০৪ বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের তথ্য এন্ট্রির জন্য কোন শিক্ষার্থীকে দায়িত্ব প্রদান বা User ID ও Password কোনভাবেই প্রদান করা যাবে না;
০৫ বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর নামীয় হিসাব নম্বর (Account Number) ছাড়া ভিন্ন নামীয় ব্যক্তির নাম ও হিসাব নম্বর কোন অবস্থায় ব্যবহার করা যাবে না।
০৬ মাউশির রাজস্ব খাতভুক্ত মেধাবৃত্তির MIS Software-এর Password পরিবর্তন ও সংরক্ষণে সর্বোচ্চ সতর্কতা অবলম্বনের জন্য অত্র অধিদপ্তরের জারীকৃত পত্রের **স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৭.৯৯.০০১.২০-৪৪১, তারিখ: ২৩/০৫/২০২২-এর নির্দেশনা অনুসরণীয়;**
০৭ শিক্ষার্থীদের তথ্য MIS Software-এ যথাযথভাবে এন্ট্রি হয়েছে কিনা তা নিশ্চিত করার জন্য দুই জন শিক্ষককে দায়িত্ব প্রদান করতে হবে (অত্র অধিদপ্তরের জারীকৃত পত্রের **স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৭.৯৯.০০১.২০-১৯১/২০, তারিখ: ০২/০৩/২০২২-এর নির্দেশনা অনুসরণীয়);**
০৮ তথ্য এন্ট্রি/সংশোধনের ক্ষেত্রে অত্র অধিদপ্তরের জারীকৃত পত্রের **স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৭.৯৯.০০১.২০-৪০০/.২২, তারিখ: ১২/০৫/২০২২-এর নির্দেশনা অনুসরণীয়;**

**তথ্য সংশোধনের জন্য লিংক নিম্নরূপ :**

■ DSHE Scholarship MIS এর URL (লিংক) : **scholarship.dshe.gov.bd/DSHE-MIS/login**

2.6.2022
(প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী)
পরিচালক (কলেজ ও প্রশাসন)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. সচিব , কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা
০৪. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আওতাধীন সংশ্লিষ্ট সকল মেডিকেল বিশ্ববিদ্যালয় / কলেজকে অবহিতকরণের অনুরোধসহ)
০৫. প্রোগ্রাম এক্সিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর, BACS and iBAS++ স্কিম, এসপিএফএমএস কর্মসূচি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
০৬. পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
০৭. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল)
(আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণ এবং পত্রটি বোর্ডের ওয়েবসাইটের নোটিশ বোর্ডে এবং স্কুলে প্রকাশের অনুরোধসহ)
০৮. সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (আওতাধীন সংশ্লিষ্ট সকল বিশ্ববিদ্যালয়কে অবহিতকরণের অনুরোধসহ)
০৯. রেজিস্ট্রার, সাধারণ / মেডিকেল / প্রকৌশল বিশ্ববিদ্যালয় (সরকারি/বেসরকারি.... সকল)
১০. অধ্যক্ষ, মেডিকেল / ইঞ্জিনিয়ারিং কলেজ ( সরকারি/বেসরকারি .....সকল )
১১. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
১২. অধ্যক্ষ, সরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজ
১৩. উপপরিচালক (কলেজ / মাধ্যমিক ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
১৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
["মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত বিভিন্ন শ্রেণিতে মেধাবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের (২০১৯-২০২০, ২০২০-২০২১ এবং ২০২১-২০২২ অর্থবছর) MIS Software-এ এন্ট্রিকৃত বৃত্তির তথ্যের ভুল সংশোধন ও একাধিক (Duplicate) এন্ট্রিকৃত তথ্য নিষ্ক্রিয়করণ (Inactive)।]"-শিরোনামে পত্রটি মাউশির ওয়েবসাইটের নোটিশ বোর্ডে এবং স্কুলে প্রকাশের অনুরোধসহ]
১৫. জেলা শিক্ষা কর্মকর্তা (সকল জেলা), (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
১৬. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
১৭. প্রধান শিক্ষক (সকল সরকারি ও বেসরকারি নিম্ন মাধ্যমিক / উচ্চ বিদ্যালয় / সমমানের শিক্ষা প্রতিষ্ঠান)
১৮. পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
১৯. সংরক্ষণ নথি